



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা  
ফোন : ৯০৩৫৩৫৫  
web: [www.nha.gov.bd](http://www.nha.gov.bd)



স্মারক নম্বর-২৫.৩৮.২৬৪৮.৭০১.০৬.০০১.১৯.২১৮০


তারিখ- ০৬.০২.২০২০ খ্রি:

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল শ্রেণীর ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতায় বিভিন্ন উন্নয়ন কাঠামো নির্মাণ/পুনঃ নির্মাণ, ভবন নির্মাণ/পুনঃ নির্মাণ/মেরামত ইত্যাদি কাজ সহ বিভিন্ন জরুরী কাজ সম্পাদনের জন্য বিশেষ শ্রেণী/১ম শ্রেণী (সম্মিলিত)/১ম শ্রেণী (সাধারণ)/২য় শ্রেণী/৩য় শ্রেণী (সিভিল/ স্যানেটারী/ ই.এম/যান্ত্রিক/আই.সি.টি/কনসালটেন্ট/সরবরাহকারী) ক্যাটাগরীতে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের নিবন্ধন/বার্ষিক নবায়ন/শ্রেণী উন্নতিকরণ এর জন্য নিম্নে উল্লিখিত দপ্তর সমূহ থেকে Application Form for Enlistment এর ডকুমেন্টস (মূল্য টাঃ ১০০০ (এক হাজার) মাত্র) আগামী ১৯/০৩/২০২০ খ্রিঃ পর্যন্ত ক্রয় এবং জমা প্রদান করা যাবে। নতুন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের নিবন্ধনের ক্ষেত্রে ফি টাঃ ৫,০০০/- (পাঁচ হাজার) মাত্র এবং শ্রেণী উন্নতিকরণ/নবায়ন ফি টাঃ ২,০০০/- (দুই হাজার) মাত্র নির্ধারিত আছে যা ২০০৯-২০১০ অর্থ বছর হতে নিম্নেলিখিত শর্ত মোতাবেক কার্যকর হয়েছে।

- (ক) এ আদেশ বলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান ২০১৯-২০২০ অর্থ বছরের নবায়ন ফি ১৯-০৩-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে জরিমানা ব্যতীত নির্বাহী প্রকৌশলীর দপ্তরে জমা প্রদান করতে পারবেন।
- (খ) 'ক' ক্রমিকে বর্ণিত সময়ে নবায়ন ফি জমা দানে ব্যর্থ হলে ০৯-০৪-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে ৫০% (নবায়ন ফি'র শতকরা পঞ্চাশ ভাগ) জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে পারিবেন।
- (গ) 'ক' ও 'খ' ক্রমিকে বর্ণিত সময়ে নবায়ন ফি জমা দানে ব্যর্থ হলে ৩০-০৪-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে ৭৫% (নবায়ন ফি'র শতকরা পঁচাত্তর ভাগ) জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে পারিবেন।
- (ঘ) 'ক', 'খ' ও 'গ' ক্রমিকে বর্ণিত সময়ে নবায়ন ফি জমা দানে ব্যর্থ হলে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় এর পূর্বানুমতি সাপেক্ষে ১০০% (শতকরা একশত ভাগ) জরিমানাসহ ৩০-০৬-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নবায়ন ফি জমা দিতে পারিবেন।

ক্রমিক নং	যে সকল দপ্তরে নিবন্ধন/শ্রেণী উন্নতিকরণ/নবায়নের ডকুমেন্টস ক্রয়/জমা প্রদান করা যাবে।
১.	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ৮২, সেগুনবাগিচা, ঢাকা।
২.	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা।
৩.	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শাহজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪.	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা।
৫.	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী।
৬.	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা।
৭.	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউ টাউন, দিনাজপুর।
৮.	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম।
৯.	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সাদিপুর, শিবগঞ্জ, সিলেট।

  
(মোঃ আবু হোরায়া) ০৬/০২/২০২০  
নির্বাহী প্রকৌশলী  
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
মিরপুর, ঢাকা  
ফোন-৯০৩৫৩৫৫

e-mail: [eenha.mirpur2@gmail.com](mailto:eenha.mirpur2@gmail.com)